# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** আমাদের জীবনে কৃষি | পাঠ ১: কৃষির পরিধি ও পরিসর | ময়মনসিংহ জেলার তারাকান্দা গ্রামের আদর্শ কৃষক আবদুর রহিম নিজ বাড়িতে ২টি গাভী, ১টি ষাঁড়, ২০টি হাঁস ও ২০টি মুরগি পালন করেন। এছাড়াও বাড়ির আঙিনায় বিভিন্ন ধরনের শাকসবজি ফলমূল এবং পুকুরে নানা ধরনের মাছ চাষ করে থাকেন। তিনি মনে করেন মৌলিক চাহিদাগুলোর অধিকাংশই তার কার্যক্রম থেকে পেয়ে থাকেন। তুমি কী মনে কর মানুষের মৌলিক চাহিদাগুলোর সবকয়টি কৃষি কার্যক্রমের মাধ্যমে পূরণ করা সম্ভব? যুক্তি দ্বারা তোমার মতামত উপস্থাপন কর। | ১) শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের ১ম অধ্যায়ের পাঠ-১ এর আলোকে মানুষের মৌলিক চাহিদাগুলো শনাক্ত করবে।<br>২) শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের চেষ্টা করবে।<br>৩) শিক্ষার্থীরা নিজ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করে মৌলিক চাহিদাগুলো সম্পর্কে জানবে।<br>৪) নিজ বাড়িতে বিদ্যমান গাছপালার তালিকা তৈরি করে সেগুলোর ব্যবহার/উপযোগিতা সম্পর্কে জানবে।<br>৫) কোনো তথ্য উৎস থেকে অবিকল (হু বহু) কোনো তথ্য লিখে এ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।<br>৬) নির্ধারিত সময়ের মধ্যে এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।<br>৭)শিক্ষার্থীদের নিজ হাতে এ্যাসাইনমেন্ট লিখতে হবে।<br>৮) শিক্ষার্থীদেরকে তাদের পিতামাতা, ভাইবোন, আত্মীয়স্বজন, শিক্ষকগণ লিখে দিলে তা বাতিল হবে।<br>৯) যে কোনো কাগজ ব্যবহার করা যাবে।<br>১০) ১ম পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল, বিষয়, এ্যাসাইনমেন্টের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে। | **অতি উত্তম:**<br>১. সঠিকভাবে মৌলিক চাহিদাগুলোর নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**উত্তম:**<br>১.অধিকাংশ (৩/৪ টি) চাহিদাগুলোর নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশই সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br>**ভালো:**<br>১. কমপক্ষে ২টি মৌলিক চাহিদার নাম লিখতে পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন্য:**<br>১. মৌলিক চাহিদাগুলোর নাম লিখতে না পারলে<br>২. মৌলিক চাহিদাগুলোর কোনটি কোন উৎস হতে পাওয়া যায় তা পাঠ্যপুস্তকের সাথে সংগতির অভাব থাকলে<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত থাকলে |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান

<table>
<tr><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr>
<td>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১</td>
<td>প্রথম অধ্যায়:<br>গৃহ ও গৃহ পরিবেশের সাধরণ ধারণা</td>
<td>পাঠ ১:<br>গৃহ ও গৃহ পরিবেশ<br><br>পাঠ ২:<br>গৃহের অভ্যন্তরীণ স্থানের বিন্যাস<br><br>পাঠ ৩:<br>প্রয়োজনীয় জিনিস যথাস্থানে সংরক্ষণ<br><br>পাঠ ৪:<br>গৃহ পরিবেশ রক্ষা ও সৌন্দর্য বর্ধনে গাছ</td>
<td>১। তোমার গৃহ পরিবেশের বিভিন্ন অংশের নামগুলো লেখ।<br>২। নিম্নে উল্লেখিত গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে ছকে সাজাও এবং সেই স্থানগুলোতে তোমার পরিবারের সদস্যরা কী কী কাজ করে তা উল্লেখ কর।<br>শোবার ঘর, ড্রইং রুম, রান্নাঘর, খাওয়ার ঘর, পড়ার ঘর, বাথরুম
<table>
<tr><th>গৃহের অভ্যন্তরীণ বিভিন্ন স্থানের বিন্যাস</th><th>গৃহের অভ্যন্তরীণ স্থানের নাম</th><th>সম্পাদিত কাজ</th></tr>
<tr><td>আনুষ্ঠানিক স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td>অনানুষ্ঠানিক স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td>কাজের স্থান</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>১। বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীকে সঠিক ধারণা দিন।<br><br>২। এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রদান করুন।<br><br>৩। কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করে জমা দিতে উৎসাহিত করুন।</td>
<td>অতি উত্তম:<br>১। গৃহ পরিবিশের সবগুলো অংশের নাম সঠিকভাবে লিখতে পারা<br>২।গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে সঠিকভাবে ছকে সাজাতে পারা<br>৩।গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত সকল কাজ সনাক্ত করতে পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৫। লেখায় লক্ষ্যনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>উত্তম:<br>১।গৃহ পরিবেশের বেশিরভাগ অংশের নাম সঠিকভাবে লিখতে পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ বেশরিভাগ স্থানগুলোকে সঠিকভাবে ছকে সাজাতে পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত অধিকাংশ কাজ সনাক্ত করতে পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৫। লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬।। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>ভালো:<br>১। গৃহ পরিবেশের কয়েকটি অংশের নাম ঠিকভাবে লিখতে পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ স্থানের কিছু অংশের নাম ছকে সাজাতে পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত কিছু কাজ সনাক্ত করতে পারা<br>৪।। পর্যায় অনুযায়ী কাজের ধারাবাহিকতা আংশিকভাবে রক্ষা করতে পারা<br>৫।লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতার প্রকাশ<br>৬। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br>অগ্রগতির প্রয়োজন:<br>১। গৃহ পরিবেশের বিভিন্ন অংশের নাম লিখতে না পারা<br>২। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোকে ঠিকভাবে ছকে সাজাতে না পারা<br>৩। গৃহের অভ্যন্তরীণ স্থানগুলোয় সম্পাদিত কাজ সনাক্ত করতে না পারা<br>৪। পর্যায় অনুযায়ী ধারাবাহিকভাবে কাজ করতে না পারা<br>৫।লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৬। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা</td>
</tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়:<br>স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ | ১.১ অঙ্ক পাতন<br>১.২ দেশীয় সংখ্যা পঠন রীতি<br>১.৩ আন্তর্জাতিক গণনা পদ্ধতি<br>১.৪ দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক<br>১.৫ মৌলিক ও যৌগিক সংখ্যা<br>১.৬ সহমৌলিক সংখ্যা<br>১.৭ বিভাজ্যতা<br>১.৮ গরিষ্ট সাধারণ গুণনীয়ক<br>১.৯ লঘিষ্ট সাধারণ গুণিতক<br>১.১০ গ.সা.গু ও ল. সা. গু এর মধ্যে সম্পর্ক<br>১.১১ সাধারণ ভগ্নাংশ<br>১.১২ ভগ্নাংশের তুলনা<br>১.১৩ ভংগ্নাংশের যোগ ও বিয়োগ<br>১.১৪ ভগ্নাংশের গুণ<br>১.১৫ ভগ্নাংশের ভাগ<br>১.১৬ ভগ্নাংশের গুণনীয়ক ও গুণিতক<br>১.১৭ ভগ্নাংশের গ.সা.গু<br>১.১৮ ভগ্নাংশের ল.সাগু<br>১.১৯ ভগ্নাংশের সরলীকরণ<br>১.২০ দশমিক ভগ্নাংশের যোগ<br>১.২১ দশমিক ভগ্নাংশের বিয়োগ<br>১.২২ দশমিক ভগ্নাংশের গুণ<br>১.২৩ দশমিক ভগ্নাংশের ভাগ<br>১.২৪ দশমিক ভগ্নাংশের গ.সা.গু ও ল. সা গু | ১। তিনটি সংখ্যা ২৮, ৪৮ ও ৭২<br>(ক) ১ থেকে ৭২ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলি সনাক্ত কর।<br>(খ) ৮ ও ১২ সংখ্যা দুইটির সাধারণ ভাজক নির্ণয় কর।<br>(গ) মৌলিক গুণনীয়কের সাহায্যে সংখ্যা তিনটির বৃহত্তম সাধারণ গুণনীয়ক নির্ণয় কর।<br>(ঘ) ইউক্লিডীয় প্রক্রিয়ায় সংখ্যা তিনটির ন্যূনতম সাধারণ গুণিতক্ নির্ণয় কর।<br>(ঙ) দেখাও যে, উদ্দীপকের ১ম ও ২য় সংখ্যাদ্বয়ের গুণফল এদের ল.সা.গু ও গ.সা.গু এর গুণফলের সমান। | ল.সা.গু ও গ.সা.গু নির্ণয় করে সমস্যাটি সমাধান করবে। | ক. মৌলিক সংখ্যা চিহ্নিতকরণ<br>খ. গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (ভাজক) নির্ণয়<br>গ. গুণনীয়ক (ভাজক) নির্ণয়<br>ঘ. সর্বনিম্ন সাধারণ গুণিতক নির্ণয়<br>ঙ. সর্বনিম্ন সাধারণ গুণিতক ও সর্বোচ্চ সাধারণ গুণনীয়ক নির্ণয় |